

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৪০৮

১/ বিবিধ

আরবী

من احتجم يوم السبت والأربعاء، فرأى وضحا، فلا يلومن إلا نفسه
ضعيف

أخرجه ابن عدي في " الكامل " (98/2) من طريق حسان بن سياه مولى عثمان بن عفان

: حدثنا ثابت عن أنس أن النبي صلى الله عليه وسلم قال: فذكره

أورده في جملة أحاديث ساقها لحسان هذا ثم قال

" وعامتها لا يتابعه غيره عليه، والضعف يتبين على رواياته وحديثه

قلت: وقال ابن حبان في " الضعفاء " (1/267)

" منكر الحديث جدا يأتي عن الثقات بما لا يشبه حديث الأثبات، لا يجوز الاحتجاج

به إذا انفرد لما ظهر من خطئه في روايته على ظهور الصلاح منه

قلت: فهو بهذا الإسناد ضعيف جدا وقد روي من حديث أبي هريرة أيضا، ولا يصح

كما سيأتي تحقيقه إن شاء الله تعالى (1524)

বাংলা

১৪০৮। যে ব্যক্তি শনিবার এবং বুধবারে শিঙ্গা লাগবে অতঃপর শ্বেতবর্ণ দেখতে পাবে সে যেন শুধুমাত্র নিজেকেই নিন্দা করে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু আদী "আলকামেল" গ্রন্থে (২/৯৮) উসমান ইবনু আফফান (রাঃ)-এর দাস হাসসান ইবনু সিয়্যাহ সূত্রে সাবেত হতে, তিনি আনাস (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ...।

তিনি হাদীসটিকে সেই হাদীসগুলোর মধ্যে উল্লেখ করেছেন যেগুলোকে তিনি হাসসানের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন অতঃপর বলেছেনঃ তিনি ছাড়া অন্য কেউ এগুলোর অনুসরণ করেননি। আর তার বর্ণনাসমূহে এবং হাদীসে দুর্বলতা সুস্পষ্ট।

আমি (আলবানী) বলছিঃ ইবনু হিব্বান "আয-যুয়াফা" গ্রন্থে (১/২৬৭) বলেনঃ তিনি খুবই মুনকারুল হাদীস। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এমন সব হাদীস নিয়ে এসেছেন যেগুলো নির্ভরশীলদের হাদীসের সাথে সাদৃশ্যপূর্ণ নয়। তিনি যখন এককভাবে কোন হাদীস বর্ণনা করেছেন তখন তার হাদীস দ্বারা দলীল গ্রহণ করাই না-জায়েয তার বর্ণনায় ভুল প্রকাশিত হওয়ার কারণে ...।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি এ সনদে খুবই দুর্বল। হাদীসটিকে আবু হুরাইরাহ (রাঃ)-এর হাদীস হতেও বর্ণনা করা হয়েছে। কিন্তু সেটি সহীহ নয়, সেটি (১৫২৪) নম্বরে আসবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72287>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন